# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ১২৭. পাপের কুফল

নিম্নে পাপের কিছু কুফলের তালিকা দেয়া হলো-

১. আল্লাহ ও পাপীর মাঝে বাধার সৃষ্টি হয় –

كَلَّا إِنَّهُمْ عَن رَّبِّهِمْ يَوْمَئِذٍ لَّمَحْجُوبُونَ

কখনই নয়! নিশ্চয় তারা সেদিন তাদের প্রভুর (দর্শন) হতে আড়ালে থাকবে।” (৮৩-সূরা আল মুতাফফিফীনঃ আয়াত-১৫)

২. কেউ যখন অনবরত পাপ করতে থাকে তখন সে হতাশ হয়ে যায়। রক্ষা পাওয়ার আশা হারিয়ে ফেলে।

৩ পাপী প্রায়ই হতাশা ও উদ্বিগ্নতায় ভোগে-

لَا يَزَالُ بُنْيَانُهُمُ الَّذِي بَنَوْا رِيبَةً فِي قُلُوبِهِمْ

“তারা যে দালান তৈরি করেছে তা সর্বদাই তাদের মনে সন্দেহের (ও মুনাফিকির) কারণ হয়ে থাকবে।” (৯-সূরা তাওবা: আয়াত-১১০)

৪. পাপীর মনে ভয় প্রবেশ করে : “অচিরেই আমি কাফেরদের অন্তরে ভীতির সঞ্চার করব; কেননা, তারা আল্লাহর সাথে শরীক সাব্যস্ত করেছে।” (৩-সূরা আলে ইমরান: আয়াত-১৫১)

৫. পাপীর জীবন জঘন্য হয়ে যায় : “ফলে অবশ্যই তার জন্য এক সংকটময় জীবন আছে।” (২০-সূরা ত্বাহা: আয়াত-১২৪)

৬. পাপীর অন্তর কালো ও কঠিন হয়ে যায় : “এবং আমি তাদের অন্তরসমূহকে কঠিন করে দিয়েছি।” (৫-সূরা মায়িদা: আয়াত-১৩)

৭. পাপীর চেহারা জ্যোতিহীন ও (রোগীর মতো) বিষন্ন হয় : “আর যাদের চেহারা কালো হয়ে যাবে তাদের জিজ্ঞেস করা হবেঃ তোমরা কি ঈমান আনার পর কুফুরি করেছিলে?” (৩-সূরা আলে ইমরান: আয়াত-১০৬)

৮. পাপীকে মানুষেরা ঘৃণা করে।

৯. পাপীর পার্থিব অবস্থা দারিদ্র পীড়িত হয়ে পড়ে : “আর যদি তারা তাওরাত, ইঞ্জীল এবং (কুরআন নামে বর্তমানে) যা তাদের নিকট তাদের প্রভুর পক্ষ থেকে অবতীর্ণ করা হয়েছে তা অনুযায়ী আমল করত তবে তারা তাদের উপর থেকে এবং তাদের পদতল থেকে আহার্য পেত।” (৫-সূরা মায়িদা: আয়াত-৬৬)

১০. আল্লাহর ক্রোধ, ঈমানের কমতি এবং দুর্বিপাক বা বালা-মুসিবত এসব কিছুই পাপীর ভাগ্যে আছে।

“সুতরাং তারা ক্রোধের উপর ক্রোধের পাত্র হলো।” (২-সূরা বাকারা: আয়াত-৯০)

“বরং তারা যে পাপ কাজ করে তার ফলেই তাদের অন্তরে জঙ ধরেছে।" (৮৩-সূরা আল মুতাফফিফীন: আয়াত-১৪)

“এবং তারা বলেছিল : “আমাদের অন্তরসমূহ আচ্ছাদিত।” (২-সূরা বাক্কারা: আয়াত-৮৮) অর্থাৎ কাফেররা বলেছিল যে, আল্লাহ ও তার রাসূলের কোন কথাই তাদের অন্তরে প্রবেশ করবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7636

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন